

## সিনিয়র অধ্যাপকদের সচিব মর্যাদা চান কলেজ শিক্ষকরাও

আজ শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক

### যুগান্তর রিপোর্ট

বড় অনার্স-মাস্টার্স কলেজের অধ্যাপক, বিভিন্ন বোর্ড চেয়ারম্যান ও দফতরের প্রধানের পদ সচিব পদমর্যাদায় চাচ্ছেন, সরকারি কলেজের শিক্ষকরা। এছাড়া সিনিয়র অধ্যাপক এবং বড় কলেজের উপাধ্যক্ষদের পদ সচিবের এক ধাপ নিচে ২ নম্বর গ্রেডে চাচ্ছেন তারা। আর সাধারণ অধ্যাপকদের মর্যাদা চাচ্ছেন ৩ নম্বর গ্রেডে। এসব প্রস্তাবনা নিয়েই আজ বিকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে বৈঠকে বসছেন বিসিএস শিক্ষা সমিতির নেতারা। শিক্ষকরা জানান, অষ্টম পে স্কেলে এসব কলেজের অধ্যাপক ও অধ্যক্ষদের ৪র্থ গ্রেডে রাখা হয়েছে। সিলেকশন গ্রেড বাড়ানো ৪র্থ গ্রেডে থেকেই তাদের বিনয় নিতে হবে। অপরদিকে উপসচিব ও সহযোগী অধ্যাপকরা একই স্কেলে থাকলেও পদোন্নতির পর উপসচিবরা সরাসরি ৩য় গ্রেডে আর সহযোগী অধ্যাপকরা ৪র্থ গ্রেডে যাবেন। এই বৈষম্য দূর করতে হবে। বৈঠকে ৩ দফা দাবি ও প্রস্তাবনা তুলে ধরা হবে বলে জানান তারা।

জানতে চাইলে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব আই কে সেলিমউল্লাহ খোন্দকার যুগান্তরকে বলেন, অষ্টম পে স্কেলে শিক্ষকদের মর্যাদা হানি করা হয়েছে। বছরদিন ধরে আমাদের সুযোগ-সুবিধা কম দেখা হচ্ছে। এসব নিশ্চিত করার জন্য আমরা আন্দোলনে আছি। দাবি আদায়ের জন্য আজ বেলা ১১টায় সব সরকারি কলেজে আমরা মানববন্ধন কর্মসূচি পালন করব। পরে দুপুর ২টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সাংবাদিক সম্মেলন করা হবে। এরপর বিকাল ৩টায় শিক্ষামন্ত্রীর সঙ্গে আনুষ্ঠানিকভাবে সাক্ষাৎ করে দাবিনামা তুলে ধরা হবে। সমিতির ৩ দফা দাবি হচ্ছে— বিদ্যমান ব্যবস্থাকে পদ আপগ্রেডেশন, সিলেকশন গ্রেড ও টাইম স্কেল পুনর্বহাল এবং অন্য সরকারি কর্মকর্তাদের মতো গাড়ি কেনার জন্য বিনা সুদে ৩৫ লাখ টাকা ঋণ ও রফগা-বেক্ষণের জন্য মাসিক ৪৫ হাজার টাকা বরাদ্দ দেয়া।